

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২৭৪২

১৭/ ওয়ারিসী স্বত্ব বণ্টন (کتاب الفرائض)

পরিচ্ছেদঃ ১৭/১২, নারীগণ বিশেষ তিন শ্রেণীর লোকের ওয়ারিস হতে পারে

بَابِ تَحُوزُ الْمَرْأَةُ ثَلَاثَ مَوَارِيثَ

আরবী

حَدَّثَنَا هِشَامُ بْنُ عَمَّارٍ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ حَرْبٍ، حَدَّثَنَا عُمَرُ بْنُ رُوْبَةَ التَّغْلِبِيُّ، عَنْ عَبْدِ الْوَاحِدِ بْنِ عَبْدِ اللَّهِ النَّصْرِيِّ، عَنْ وَاثِلَةَ بْنِ الأَسْقَعِ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " الْمَرْأَةُ تَحُوزُ ثَلاَثَ مَوَارِيثَ عَتِيقِهَا وَلَقِيطِهَا وَوَلَدِهَا الَّذِي لاَعَنَتْ عَلَيْهِ " . قَالَ مُحَمَّدُ بْنُ يَزِيدَ مَا رَوَى هَذَا الْحَدِيثَ غَيْرُ هِشَامٍ .

বাংলা

১/২৭৪২। ওয়াসিলা ইবনুল আসকা (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ নারীগণ বিশেষ তিন শ্রেণীর লোকের ওয়ারিস হতে পারে। (১) তার আযাদকৃত দাস-দাসীর, (২) পরিত্যক্ত শিশুর যাকে সে কুড়িয়ে পেয়েছে এবং (৩) সেই সন্তানের যার সম্পর্কে সে স্বামীর সাথে লি'আন (অভিশাপযুক্ত শপথ) করেছে। মুহাম্মাদ ইবনে ইয়াযীদ (রহঃ) বলেন, এ হাদীস হিশাম ছাড়া অন্য কেউ রিওয়ায়াত করেননি।

English

It was narrated from Wathilah bin Asqa' that the Prophet (ﷺ) said:
"A woman may get three types of inheritance: From her freed slave woman, a foundling whom she raised, and her child concerning whom she swore in Li'an that he was legitimate."

ফুটনোট

তিরমিয়ী ২১১৫, আবৃ দাউদ ২৯০৬, আহমাদ ১৫৫৭৪, ১৬৫৩৩, বায়হাকী ফিস সুনান ৬/২৪০, আল-হাকিম ফিল মুসতদরাক ৪/৩৪০, ইরওয়া ১৫৭৬, যইফ আবু দাউদ ৫০৪।

তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী আমর বিন রু'বাহ আত-তাগলিবী সম্পর্কে ইমাম বুখারী বলেন,



তার ব্যাপারে সমালোচনা রয়েছে। আবু হাতিম আর-রাযী বলেন, তিনি সালিহ কন্তু তার হাদিস দ্বারা দলীল গ্রহণযোগ্য নয়।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ ওয়াসিলাহ ইবনু আসকা' (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন